



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

তারিখ: ১৬.০৫.২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

## পাবিপ্রবিতে প্রজেক্ট নিয়ে ইনসেপশন কর্মশালা ও হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ শনিবার (১৬ মে) গবেষণা প্রজেক্ট নিয়ে ইনসেপশন কর্মশালা ভারুয়াল ক্লাসরুমে সকালে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. আবুল হাসনাত মোহা. শামীম।

বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন, সিএসই বিভাগের অধ্যাপক অধ্যাপক ড. মো. আব্দুর রহিম। রিসোর্স পারসন ছিলেন সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. তৌকির আহমেদ, প্রজেক্টের কো-পিআই, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি প্রকৌশল বিভাগের চেয়ারম্যান ড. মো. ওয়াদুদ আহমেদ, কো-অর্ডিনেটর পাবিপ্রবি'র সিএসই বিভাগের শিক্ষক এসএম হাসান সাজ্জাদ ইকবাল। সভাপতিত্ব করেন প্রজেক্টের পিআই সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. তৌকির আহমেদ।

নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. আবুল হাসনাত মোহা. শামীম সিএসই বিভাগ হতে প্রাপ্ত প্রজেক্টটি সততা ও দায়িত্বের সাথে সম্পন্ন করার কথা বলেন। তিনি বলেন, আমরা যাতে আরও বড় প্রজেক্ট পেতে পারি, সেজন্য কাজ করতে হবে। এর মাধ্যমে আমাদের গবেষণার সম্ভাবনার দ্বার খুলে যেতে পারে। গবেষণায় আরও ভালো করার জন্য সকল ধরনের সহযোগিতা প্রশাসন থেকে আমরা করব।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, এটি বিশ্ববিদ্যালয়ের সবচেয়ে বড় গবেষণা প্রজেক্ট। আমাদের এখানে ভালো গবেষণা হচ্ছে, আরও বড় প্রজেক্ট পাওয়ার জন্য আমাদের কাজ করতে হবে।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান প্রজেক্টের সাথে জড়িত টিমকে অভিনন্দন জানান। তিনি বলেন, এই প্রজেক্ট কৃষিতে ব্যাপক অবদান রাখবে বলে আমার দৃঢ় বিশ্বাস এবং এটিকে বাস্তব জীবনে ব্যবহারের কথা বলেন।

## বাঁধনের আত্মপ্রকাশ

এরপর নবনিযুক্ত উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষকে সাথে নিয়ে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রাজশাহী জোনের বাঁধন ইউনিটের আত্মপ্রকাশ উদ্বোধন করেন। আনুষ্ঠানিক কর্মসূচির নামও ঘোষণা করা হয়। বিনামূল্যে রক্তের গ্রুপ কর্মসূচি পালন করা হয়।

## আইকিউএসির কর্মশালা



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে আয়োজিত 'স্ট্রেস ম্যানেজমেন্ট ইন হায়ার এডুকেশন' বিষয়ে একটি প্রশিক্ষণে নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. আবুল হাসনাত মোহা. শামীম কর্মশালায় যোগ দেন। এ সময় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসানও উপস্থিত ছিলেন। তাঁরা কর্মশালা পরিদর্শন করেন এবং বিভিন্ন বিষয়ে খোঁজখবর নেন। এ সময় শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা

সবশেষে উপাচার্য অধ্যাপক ড. আবুল হাসনাত মোহা. শামীম কনভেনশন হলে অনুষ্ঠিত জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২৬-এর আঞ্চলিক পর্যায়ে অতিথি হিসেবে যোগ দেন। এ সময় বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান এবং প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিএসই বিভাগের অধ্যাপক ড. মো. আব্দুর রহিম। প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের হাতে অতিথিরা পুরস্কার ও সার্টিফিকেট তুলে দেন।

১৬.০৫.২০২৬

(মো. আবুল হোসেন)

উপপরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।